দৈনিক ইত্তেফাক

তারিখ 28 JUN 1992
পৃষ্ঠা ২ কলাম ৫

# ঢাকা ভার্সিটি শিক্ষকদের কক্ষ ভাংচুর

ইত্তেফাক রিপোর্ট ।। পদার্থবিদ্যা বিভাগের ছাত্র শেখ আনসার আলীর অনার্স ডিগ্রী ফিরাইয়া দেওয়ার দাবীতে একদল ছাত্র গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিস, সামাজিক অনুষদের ডীন অফিস, শিক্ষকদের লাউঞ্জসহ কলাভবনে শিক্ষকদের ৪০/৪৫টি কক্ষ ভাংচুর করে। একই সময়ে টিএসসি ও কলাভবন এলাকায় হোণ্ডা আরোহী কয়েকজন সশস্ত্র তরুণ ৬/৭ রাউণ্ড গুলী ছোড়ে। প্রত্যক্ষদর্শীদের মতে, ইহা পৃথক ঘটনা। ছাত্রলীগের (মু-ই) (১১শ পৃঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

ঢাকা বোর্ড সূত্রে জানা যায়: মোট বহিষ্কারের সংখ্যা ৮৮। নগরীতে ঢাকা সিটি কলেজ ও বিজ্ঞান কলেজ হইতে দুইজন, নরসিংদী জেলায় ১৬ জন, মানিকগঞ্জ জেলায় ২জন, নেত্রকোনা জেলায় ৬ জন, জামালপুর জেলায় ১৯জন, শেরপুর জেলায় ২ জন, গোপালগঞ্জ জেলায় ১০ জন, মাদারীপুর জেলায় ৪ জন, ময়মনসিংহ জেলায় ১৬জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়। রাজশাহী বোর্ড সূত্রে জানা যায়: মোট বহিষ্কারের সংখ্যা ১১১। পঞ্চগড় জেলায় ৯ জন, পাবনা জেলায় ৫ জন, রাজশাহী জেলায় ৮ জন, নবাবগঞ্জ জেলায় ৭ জন, নাটোর জেলায় ৮ জন, সিরাজগঞ্জ জেলায় ২৬ জন, দিনাজপুর জেলায় ৩১ জন, গাইবান্ধা জেলায় ১১ জন ও কুড়িগ্রাম জেলায় ৭ জন বহিষ্কার হয়। যশোর বোর্ড ও ইত্তেফাকের বরিশাল অফিস জানায়, মোট বহিষ্কারের সংখ্যা ৫৫। যশোর জেলায় ৯ জন, ভোলা শহরে ৩ জন, নড়াইল শহরে ২ জন, ঝিনাইদহ শহরে ১ জন, বরিশাল জেলায়, ১৩ জন ও কুষ্টিয়া জেলায় ২৭ জন বহিষ্কার হয়। কুমিল্লা বোর্ড জানায়: মোট বহিষ্কারের সংখ্যা ১৬২। কুমিল্লা জেলায় ৬৪ জন, চট্টগ্রাম জেলায় ৫২ জন, লক্ষ্মীপুর জেলায় ১১ জন, কক্সবাজার জেলায় ৩৫ জন বহিষ্কার হয়।